ইসলামিক ফাউন্ডেশন

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

জাতীয় সীরাত প্রতিযোগিতা ২০২৬

সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব, বিশ্ব মানবতার মুক্তির দিশারী হযরত মুহাম্মদ (সা) এর জীবনী সম্পর্কে জানার জন্য ইসলামিক ফাউন্ডেশন এ বছর দ্বিতীয়বারের মতো দেশব্যাপী আয়োজন করতে যাচ্ছে সীরাত প্রতিযোগিতা। এ প্রতিযোগিতা জেলা পর্যায় থেকে শুরু হবে। জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ বিভাগীয় পর্যায়ে এবং বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। উক্ত প্রতিযোগিতায় নিম্নরূপ শর্তে বাংলাদেশী স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় এবং সমমানের কওমি ও আলিয়া মাদ্রাসার শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে:

প্রতিযোগিতার গ্রুপ

ক্রম	গ্রুপ	বিবরণ	বয়সসীমা
১	ক	৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থী	অনূর্ধ্ব ১৫ বছর
২	খ	৯ম থেকে ১২শ শ্রেণি পর্যন্ত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থী	অনূর্ধ্ব ১৯ বছর
৩	গ	বিশ্ববিদ্যালয় পর্যায়ের সাধারণ শিক্ষা ও মাদ্রাসার শিক্ষার্থী	অনূর্ধ্ব ২৭ বছর

গ্রুপভিত্তিক নির্বাচিত সীরাত গ্রন্থ

গ্রুপ	বইয়ের নাম	মূল লেখক
ক	সীরাতে খাতামুল আম্বিয়া নবীয়ে রহমত	মুফতী মুহাম্মদ শফী (রহ) সাইয়্যেদ আবুল হাসান আলী নদভী
খ	সীরাতুল মুস্তাফা ১ম-৩য় খণ্ড আর রাহীকুল মাখতুম	আল্লামা ইদরীস কান্ধলভী আল্লামা সফিউর রহমান মোবারকপুরী
গ	সীরাতুন্নবী ১ম-৪র্থ খণ্ড সীরাত বিশ্বকোষ ৪র্থ-৬ষ্ঠ খণ্ড	আবু মুহাম্মদ আব্দুল মালেক ইবনে হিশাম ইবনে আইয়ুব ইসলামিক ফাউন্ডেশন

প্রতিযোগিতার বাস্তবায়নের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

ক্রম	প্রতিযোগিতার স্তর	প্রতিযোগিতার সময়
১	প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিবন্ধন	৫-৩০ এপ্রিল ২০২৬
২	৬৪ জেলা পর্যায়ের প্রতিযোগিতা	১-১৫ মে ২০২৬
৩	৮টি বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা	১৬-২৫ মে ২০২৬
৪	জাতীয়ভাবে চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা	১৬-৩০ জুন ২০২৬ (সম্ভাব্য)

জাতীয় পর্যায়ে পুরস্কারের মূল্যমান

ক্রম	পুরস্কারের ক্রম	পুরস্কারের সংখ্যা	পুরস্কারের মূল্যমান
১	১ম পুরস্কার	১টি	৫০ হাজার টাকা, ক্রেস্ট ও সনদপত্র
২	২য় পুরস্কার	১টি	৪৫ হাজার টাকা, ক্রেস্ট ও সনদপত্র
৩	৩য় পুরস্কার	৩টি	৪০ হাজার টাকা, ক্রেস্ট ও সনদপত্র

নিয়মাবলী

১। প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের ৩০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে ইসলামিক ফাউন্ডেশনের সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে নাম নিবন্ধন করতে হবে।

২। জেলা পর্যায়ে নির্বাচনী পরীক্ষা সারাদেশে একযোগে একইদিনে অনুষ্ঠিত হবে। ওইদিনই পরীক্ষা ফলাফল প্রকাশ ও বিজয়ী প্রতিযোগীদের নাম ঘোষণা করা হবে।

৩। পরীক্ষার প্রশ্ন এক কথায় প্রকাশ, এমসিকিউ ও সংক্ষিপ্তাকারে হবে।

৪। জাতীয় পর্যায় ব্যতীত জেলা ও বিভাগীয় পর্যায়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের নিবন্ধন ফরম [illegible] হবে।

মোঃ মহিউদ্দিন
পরিচালক
সমন্বয় বিভাগ
ফোন: ০২২২২২২১৮২৮১

ইসলামিক ফাউন্ডেশন
গোপালগঞ্জ জেলা কার্যালয়
মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
লঞ্চঘাট, গোপালগঞ্জ।
email : ifgopalganj@gmail.com

সূত্র : ১৬.০১.৩৫০০.০২২.০১.০৪৩.২৫-২৩৩ (২৫)

তারিখ : ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থ বছরে জেলা পর্যায়ে সীরাত প্রতিযোগিতা আয়োজন প্রসঙ্গে।

ইফাঃ প্রধান কার্যালয়ের স্মারক নং-১৬.০১.০০০০.০০৫.০৩.০৬০.২৪.৩৪১৪, তারিখ : ০২/০৪/২০২৬ খ্রি.

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব, বিশ্ব মানবতার মুক্তি দিশারী হযরত মুহাম্মদ (স.) এর জীবনী সম্পর্কে জানার জন্য ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক এ বছর দ্বিতীয়বারের মতো জাতীয় সীরাত প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ প্রতিযোগিতা জেলা পর্যায় থেকে শুরু হবে। জেলা পর্যায়ের বিভাগীয় প্রতিযোগিগণ বিভাগীয় ও বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ জাতীয় পর্যায়ে চূড়ান্ত প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবেন।

০২। এমতাবস্থায়, ২০২৫-২৬ অর্থ বছরের জেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ৩০ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত আগ্রহী অংশগ্রহণকারী প্রতিযোগিদের রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালিত হবে। সীরাত প্রতিযোগিতায় নিয়মাবলী ও নির্দেশনাবলী সংযুক্ত।

০৩। অতএব, আপনার শিক্ষা প্রতিষ্ঠান হতে ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহনের নিমিত্তে রেজিস্ট্রেশন করার জন্য আপনার সার্বিক সহযোগিতা কামনা করা হলো।

❖ *জেলা পর্যায়ের প্রতিযোগিতার তারিখ ও স্থান : রেজিস্ট্রেশনকারীদের মোবাইল নম্বরে জানিয়ে দেয়া হবে।*

সংযুক্তি- ০১ পাতা।

০৮-০৪-২০২৬ খ্রিঃ
(আবু অবায়দা মোহাম্মদ মাস-উ-দুল হক)
উপ-পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন, গোপালগঞ্জ।

বরাবর,
ভিসি/অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ মুহতামিম/সুপার
বিশ্ববিদ্যালয়/মহাবিদ্যালয়/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা